কালীগঞ্জে স্বতন্ত্র প্রাথীর ইফতার মাহফিলে ১৪৪ ধারা জারি

ঝিনাইদহের কালীগঞ্জে স্বতন্ত্র প্রার্থীর ইফতার মাহফিলকে কেন্দ্র করে ১৪৪ ধারা জারি করা হয়েছে। জেলা অতিরিক্ত ম্যাজেষ্ট্রেট সবির কুমার স্বাক্ষরিত এক চিঠিতে এ ১৪৪ ধারা জারির বিষয়টি জানানো হয়। খোঁজ নিয়ে জানা গেছে, ঝিনাইদহ-৪ আাসন থেকে স্বতন্ত্র প্রার্থী হিসাবে নির্বাচন করা সাইফুল ইসলাম ফিরোজ এ ইফতার মাহফিলের আয়োজন করেন। তিনি কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ছিলেন। দলের আদেশ অমান্য করে দলীয় প্রার্থীর বিপক্ষে নির্বাচন করায় তাকে দল থেকে বহিস্কার করা হয়।

সাইফুল ইসলাম ফিরোজ প্রধানমন্ত্রী তারেক রহমানের সফলতা ও প্রয়াত বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় কোরআন খতম, দোয়া ও ইফতার মাহফিলের আয়োজন করেন। প্রস্তুতি হিসাবে কালীগঞ্জ নলডাঙ্গা স্ট্যান্ডের পাশে ফাঁকা স্থানে বিশাল প্যান্ডেল ও মঞ্চ তৈরি সম্পন্ন করেন। গতকাল রোববার দুপুর থেকে হাফেজরা কোরআন তেলওয়াত শুরু করে।

এদিকে উপজেলা কৃষক দলের পক্ষ থেকে একই স্থানে ইফতার মাহফিলের ঘোষনা দেন। ফলে দুই পক্ষের একই স্থানে অনুষ্ঠানকে কেন্দ্র করে উত্তেজনা দেখা দেয়। ফলে প্রশাসনের পক্ষ থেকে ১৪৪ ধারা জারি করা হয়। এদিকে ফিরোজের মাহফিলে হামলা হতে পারে আশঙ্কায় পুলিশ এসে তাদের অনুষ্ঠান বন্ধ করার জন্য নির্দেশ দেন। দুপুরের পর থেকে ১৪৪ ধারা জারির বিষয়টি স্থানীয়দের অবগত করতে শহরে মাইকিং করা হয়।

সাইফুল ইসলাম ফিরোজ বলেন, আমি শহীদ জিয়াউর রহমানের আদর্শে গড়ে ওঠা সৈনিক। বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের নেতৃত্বে রাজনীতি করি। আমি তারেক রহমানের সফলতা ও থালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় কর্মসূচীর আয়োজন করেছিলাম। এখন আপনাদের মাধ্যমে শুনছি ১৪৪ ধারা জারি করা হয়েছে।

সাইফুল ইসলাম ফিরোজ বলেন, আমরা আইনের প্রতি শ্রদ্ধাশীল। আইন শৃঙ্খলা রক্ষায় মাহফিল না করে অনত্রে করার ব্যবস্থা নিয়েছি।

কালীগঞ্জ উপজেলা নির্বার্হী অফিসার রেজওয়ানা নাহিদ বিষয়টি নিশ্চিত করে বলেন জনসাধারনের নিরাপত্তার কথা বিবেচনা করে প্রশাসন

থেকে ১৪৪ ধারা জারি করা হয়েছে।

মুজিবনগরে বিশিষ্ট ব্যক্তিবর্গের সম্মানার্থে জামায়াতের ইফতার মাহফিল

মুজিবনগরে রাজনৈতিক, প্রশাসনিক ও সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গের সম্মানার্থে বাংলাদেশ জামায়াতে ইসলামী মুজিবনগর উপজেলা শাখার উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সের পর্যটন মোটেলে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

ইফতার মাহফিলে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মুজিবনগর উপজেলা শাখার সেক্রেটারি খাইরুল বাশারের সঞ্চালনায় এবং উপজেলা জামায়াতের আমির খান জাহান আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতের আমির তাজউদ্দিন খান।

এ সময় উপস্থিত ছিলেন জেলা জামায়াতের বাইতুল মাল সম্পাদক জারজিস হোসাইন এবং উপজেলা জামায়াতের নায়েবে আমির ফিরাতুল ইসলাম নাঈম।

ইফতার মাহফিলে উপজেলার বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, ব্যবসায়ী, সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গ, সাংবাদিকসহ উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড জামায়াতের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে এতিম শিশুদের নিয়ে স্বেচ্ছাসেবক দলের ইফতার মাহফিল

মুজিবনগরে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে অবস্থিত সরকারি শিশু পরিবারের এতিম শিশুদের নিয়ে ইফতার মাহফিল করেছে মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক দল।

শনিবার আয়োজিত এই ইফতার মাহফিলে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইকবাল হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক সালাউদ্দিন প্রিন্স।

এছাড়া উপস্থিত ছিলেন সাবেক ছাত্রদল নেতা শামসুল আল মামুন আনোয়ার ও এরশাদ হোসেন।

আলমডাঙ্গা ব্যায়ামাগারের উদ্যোগে ইফতার মাহফিল

আলমডাঙ্গায় ব্যায়ামাগারের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে নবনির্বাচিত এমপি অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। দুর্নীতি, মাদক, সন্ত্রাস ও চাঁদাবাজমুক্ত সমাজ গঠনে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

আলমডাঙ্গা ব্যায়ামাগার ও ঐশীকা সামাজিক উন্নয়ন সংস্থার উদ্যোগে পবিত্র মাহে রমজান উপলক্ষে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেল পাঁচটার দিকে আলমডাঙ্গা দারুস সালাম চত্বরে ব্যায়ামাগারের সভাপতি ইকবাল হোসেনের সভাপতিত্বে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-

১ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল।

প্রধান অতিথি অ্যাডভোকেট রাসেল এমপি বলেন, পবিত্র রমজান মাস মুসলমানদের জন্য রহমত, মাগফিরাত ও নাজাতের মাস। এই বরকতময় মাসেই মহান আল্লাহ তাআলা মানবজাতির হেদায়াতের জন্য পবিত্র কুরআন নাযিল করেছেন। কুরআন এমন এক মহাগ্রন্থ, যা মানুষের ব্যক্তিগত, সামাজিক ও রাষ্ট্রীয় জীবনের জন্য পূর্ণাঙ্গ দিকনির্দেশনা প্রদান করে এবং সত্য ও মিথ্যার মধ্যে স্পষ্ট পার্থক্য নির্ধারণ করে দেয়।

তিনি আরও বলেন, রমজানের সিয়াম কেবল ক্ষুধা ও তৃষ্ণা থেকে বিরত থাকার নাম নয়; বরং এটি আত্মসংযম, তাকওয়া ও নৈতিকতার এক মহান প্রশিক্ষণ। রোজা মানুষের অন্তরকে পরিশুদ্ধ করে, অন্যায় ও অবিচার থেকে দূরে থাকতে শেখায় এবং সমাজে ন্যায় ও ইনসাফ প্রতিষ্ঠার মানসিকতা গড়ে তোলে। রমজানের শিক্ষা যদি ব্যক্তি ও সমাজ জীবনে বাস্তবায়ন করা যায়, তবে দুর্নীতি, অনিয়ম ও অবিচার থেকে মুক্ত একটি সুন্দর সমাজ গঠন করা সম্ভব।

তিনি আলমডাঙ্গা ব্যায়ামাগারের অবকাঠামোগত উন্নয়নে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি আরও বলেন, চুয়াডাঙ্গার মানুষের মৌলিক চাহিদা পূরণে সকল শ্রেণি-পেশার মানুষের সহযোগিতা প্রয়োজন। দুর্নীতি, মাদক, সন্ত্রাস ও চাঁদাবাজমুক্ত সমাজ গঠনে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজসেবা অধিদপ্তরের সাবেক মহাপরিচালক ড. আবু হেনা মোস্তফা কামাল, জেলা জামায়াতের যুব বিষয়ক সভাপতি শেখ নূর মোহাম্মদ হোসাইন টিপু, আইন আদালত বিষয়ক সম্পাদক দারুস সালাম, উপজেলা জামায়াতের আমির প্রভাষক শফিউল আলম বকুল, সেক্রেটারি মামুন রেজা, উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক শেখ সাইফুল ইসলাম, উপজেলা যুবদলের আহ্বায়ক মীর আসাদুজ্জামান উজ্জ্বল, জামায়াত নেতা হাফিজুর রহমান, এমএস জোহা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ইদ্রিস আলী খান এবং সাবেক প্রধান শিক্ষক মনিরুজ্জামান।

ব্যায়ামাগারের অন্যতম সদস্য আব্দুর রশিদ মঞ্জুরের উপস্থাপনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ব্যায়ামাগারের অন্যতম সদস্য সুলতানুল আরেফিন তাইফ, শরিফুল ইসলাম পিন্টু, কামরুজ্জামান বকুল, সাদ্দাম খান, ডা. মতিয়ার রহমানসহ ব্যায়ামাগারের সকল সদস্যবৃন্দ। এ সময় স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ ও গণ্যমান্য ব্যক্তিরাও

উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর কল্যাণ কামনায় বিশেষ দোয়া পরিচালনা করা হয়। দোয়া মাহফিল পরিচালনা করেন মাওলানা আব্দুল মোত্তালিব। পরে ইফতার পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

আলমডাঙ্গা বেলগাছি প্রবাসী ঐক্য পরিষদের ইফতার মাহফিল

আলমডাঙ্গার বেলগাছি প্রবাসী ঐক্য পরিষদের উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি ছিলেন এমপি রাসেল।

আলমডাঙ্গা উপজেলার বেলগাছি গ্রামে প্রবাসীদের সামাজিক সংগঠন প্রবাসী ঐক্য পরিষদের উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেল ৪টায় বেলগাছি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ আয়োজন করা হয়। এতে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, প্রবাসী পরিবারের সদস্য এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল উপস্থিত থেকে বলেন, আমি বেলগাছির সকল প্রবাসীর প্রতি কৃতজ্ঞ। তারা অত্যন্ত মহৎ একটি উদ্যোগ গ্রহণ করেছেন। ছোটবেলা থেকে আমি এই বেলগাছিতেই বেড়ে উঠেছি। আমি আপনাদের প্রতি কৃতজ্ঞতা, ধন্যবাদ এবং মোবারকবাদ জানাচ্ছি। আপনারা আপনাদের দোয়ার মধ্যে আমাকে সামিল রেখেছেন। আপনারা আমাকে সঙ্গে রেখে ছিলেন এবং আপনাদের সমর্থন ব্যক্ত করেছিলেন। এজন্য আপনাদের সেবায় কাজ করার সৌভাগ্য আল্লাহ আমাকে দান করেছেন। আপনারা আমার জন্য দোয়া করবেন। সামনে এগিয়ে মাদক, সন্ত্রাস, দুর্নীতি ও চাঁদাবাজির বিরুদ্ধে আমরা জিরো টলারেন্স নীতিতে অবস্থান করবো। তিনি আরও বলেন, আমরা প্রশাসন ও সাধারণ জনগণ সবাই একসঙ্গে মিলে এসব খারাপ কাজের বিরুদ্ধে কাজ করবো, ইনশাআল্লাহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা মাদকদ্রব্য

নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক রফিকুল ইসলাম। তিনি বলেন, মাদক একটি ভয়াবহ অভিশাপ, যা কখনো কারও উপকারে আসে না। যদি কারও নামে মাদক সংক্রান্ত মামলা হয়, তাহলে সে ভবিষ্যতে কোনো সরকারি চাকরি পাবে না এবং সরকারের বিভিন্ন সুযোগ-সুবিধা থেকেও বঞ্চিত হবে। এমনকি পাসপোর্ট করাও কঠিন হয়ে পড়বে।

বেলগাছি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাশেমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সোনালী ব্যাংকের প্রিন্সিপাল অফিসার রায়হান উদ্দিন।

সংগঠনের সভাপতি মো. মারুফ হাসান ও সেক্রেটারি শাকিল আহমেদের নেতৃত্বে এ আয়োজন সফলভাবে সম্পন্ন হয়। আয়োজক হিসেবে উপস্থিত ছিলেন আশরাফুল আলম।

অনুষ্ঠানের পরিচালক ও সার্বিক সমন্বয় করেন জার্মানি প্রবাসী শামীম কবির, মো. সাব্বির রহমান, সলোক মিয়া, জরিপ মিয়া, সোহেল রানা, রাহুল, রাহাত রাব্বি, আব্দুল আলিম, মিন্টু রহমান, মো. সম্রাট, রনি মিয়া, কামাল হোসেন, শাকিল, আরিফুল, শাওন, মারুফ হাসান, সুজন, শাওন মালিতা, মামুন, সবুজ খান, আকাশ, আজিম, রাসেল, ইমন, রোকন, মিনারুল, রাব্বি আহমেদ, সাইফুল, রিপন মিয়া, শাজাহান, অন্তর, মাসুদ, টমাস, লিপন, সৌদি প্রবাসী রাজিবুল ইসলাম, আফাজ, মিলন, শরিফুল, রাইসুল করিম, মিমিন, ওয়ালিদ, লালন হোসেন, শাকিল, ফারুক, রাকিবুল, মিনারুল, রাজু আহাম্মেদ, মারুফ, আহমেদ কামাল, মাসুদ রানা, সাজু আহমেদ, সোহেল, রাকিব, কলম, জুয়েল রানা, ইমন আলী, রুবেল, লিকু, হারুন, জীম, দিপু প্রমুখ।

আলমডাঙ্গা বণিক সমিতির ইফতার মাহফিল

আলমডাঙ্গা বণিক সমিতির উদ্যোগে ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল সাড়ে ৫টার সময় বণিক সমিতির কার্যালয়ে ইফতার পূর্ব আলোচনা সভায় সভাপতিত্ব করেন বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন। সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল

মামুনের পরিচালনায় বক্তব্য রাখেন বণিক সমিতির সহ-সভাপতি হাফিজুর রহমান, হাজী রফিকুল আলম, কোষাধ্যক্ষ আলাউদ্দিন আহমেদ, যুগ্ম সম্পাদক শরিফুল ইসলাম ও জাহাঙ্গির আলম, সাংগঠনিক সম্পাদক আমিরুল ইসলাম লিটন, ক্রীড়া সম্পাদক হাবিবুর রহমান, দপ্তর সম্পাদক শফিউল ইসলাম ও ধর্ম সম্পাদক রেজাউল করিম কাবলু। বক্তারা সমিতির দুই বছরের উন্নয়ন ও পবিত্র রমজানে করনীয় বিষয়ে আলোকপাত করেন।

এ সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা বণিক সমিতির ধর্মীয় সম্পাদক রেজাউল করিম কাবিল, দপ্তর সম্পাদক শফিউল হাসান মিলন, নির্বাহী সদস্য জয়নাল আবেদীন ক্যাপ, হাজী রফিকুল আলম, মোহাম্মদ শরিফুল ইসলাম, সাইদুর রহমান, সিরাজুল ইসলাম, ফারুক আলী, কাবলু মিয়া, তোতা মিয়া, রতন আলী, আলমডাঙ্গা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও সমিতির সদস্য হামিদুল ইসলাম আজম প্রমুখ। আলোচনা শেষে সমিতির কার্যালয়ে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতি জানান, “আজ আমাদের দুই বছরের পূর্তি হয়েছে। আমরা সকল সদস্য ঐক্যবদ্ধভাবে সমিতির কার্যক্রম এগিয়ে নিয়ে যাচ্ছি।” সমিতির সহ-সভাপতি হাজী রফিকুল আলম প্রস্তাব করেন, সমিতির নামে জমি ক্রয় করে স্থাপনা নির্মাণ করা যেতে পারে। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুন বলেন, “বর্তমান কার্যকরী কমিটি সফলভাবে দুই বছর অতিবাহিত করেছে। বাকি এক বছরে আমরা সমিতির জন্য বিশেষ কিছু কার্যক্রম করতে চাই।”

কুষ্টিয়ায় জেলা জামায়াতের দোয়া ও ইফতার মাহফিল

কুষ্টিয়ায় উৎসবমুখর ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে জেলা জামায়াতে ইসলামীর উদ্যোগে এক ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেল ৫টার দিকে শহরের অভিজাত দিশা টাওয়ার মিলনায়তনে এ ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

কুষ্টিয়া জেলা জামায়াতের ভারপ্রাপ্ত আমির ও কুষ্টিয়া-২ আসনের সংসদ সদস্য আব্দুল গফরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জামায়াতে ইসলামীর যশোর-কুষ্টিয়া অঞ্চলের টিম সদস্য ও কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য অধ্যক্ষ একেএম আলী মোহসীন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, রমজান মাস আত্মশুদ্ধি ও ত্যাগের মাস। সমাজের সর্বস্তরে ইনসাফ কায়েম এবং আর্তমানবতার সেবায় জামায়াতে ইসলামী সর্বদা বদ্ধপরিকর।

কুষ্টিয়া জেলা জামায়াতের সেক্রেটারি অধ্যাপক সুজা উদ্দিন জোয়ার্দারের পরিচালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজা, কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য আবজাল হোসেন এবং খেলাফত মজলিস বাংলাদেশের নায়েবে আমির অধ্যাপক সিরাজুল ইসলাম।

এ সময় উপস্থিত ছিলেন জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি মাজহারুল হক মমিন, কুষ্টিয়া শহর জামায়াতের আমির এনামুল হক, মিরপুর উপজেলা আমির রেজাউল হক। এছাড়াও উপস্থিত ছিলেন কুষ্টিয়া শহর শিবিরের সাবেক সভাপতি মোস্তাফিজুর রহমান পলাশ, জেলা শিবিরের সাবেক সভাপতি মমিন বিশ্বাস ও মাজহার মাহবুব, কুষ্টিয়া প্রেসক্লাবের সাবেক সভাপতি আল মামুন খন্দকার সাগর, সাবেক সাধারণ সম্পাদক আবু মনি জুবায়েদ রিপন, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক বাচ্চু এবং কুষ্টিয়া জেলা প্রেসক্লাবের সভাপতি তারিকুল হক তারিকসহ জেলা ও উপজেলার বিভিন্ন পর্যায়ের রাজনৈতিক দলের নেতাকর্মী ও সুধীজন।

আলোচনা সভা শেষে রমজানের পবিত্রতা রক্ষা এবং দেশ ও জাতির সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয়। মোনাজাতে মুসলিম উম্মাহর ঐক্য এবং আর্তমানবতার মুক্তির জন্য মহান আল্লাহর দরবারে প্রার্থনা করা হয়। দোয়া শেষে উপস্থিত সকলে একসঙ্গে ইফতারে শরিক হন।

গাংনীর গাঁড়াবাড়ীয়া গ্রামবাসীর উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাঁড়াবাড়ীয়া গ্রামবাসীর উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সন্ধ্যায় কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজ মাঠ প্রাঙ্গণে পবিত্র মাহে রমজান উপলক্ষে এ মাহফিলের আয়োজন করা হয়। অনুষ্ঠানে এলাকার ধর্মপ্রাণ মুসল্লিরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

মাহফিলে কয়েক হাজার মুসল্লি উপস্থিত থেকে দোয়া ও ইফতারে শরিক হন। ইফতারের আগে দেশ ও জাতির কল্যাণ, শান্তি ও সমৃদ্ধি কামনায় বিশেষ মোনাজাত পরিচালনা করা হয়। ইফতার আয়োজকদের অন্যতম সাজ্জাদ হোসেন পলাশ জানান, এলাকার মানুষের মাঝে পারস্পরিক সম্প্রীতি, ভ্রাতৃত্ববোধ ও সামাজিক বন্ধন জোরদার করার লক্ষ্যে প্রতিবছর এ ধরনের আয়োজন অব্যাহত রাখা হবে। অনুষ্ঠানটি শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে সম্পন্ন হয়।

গাংনীতে ব্যাংক এশিয়ার ইফতার মাহফিল ও আলোচনা সভা

ব্যাংক এশিয়া এজেন্ট ব্যাংকের মেহেরপুরের গাংনী উপজেলা শাখার উদ্যোগে ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকেলে ইফতারপূর্ব আয়োজিত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ব্যাংক এশিয়া এজেন্ট ব্যাংকের গাংনী উপজেলা শাখার পরিচালক মো. মাসুম কিবরিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য নজমুল হুদা।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা জামায়াতের আমির

ডা. রবিউল ইসলাম, পৌর শাখার আমির আহসানুল হক, ব্যাংক এশিয়ার সিনিয়র অফিসার মো. রোয়েল মিয়া, মেহেরপুর জেলা শাখার ব্যবস্থাপক ফিরোজ আল মামুন এবং গাংনী পৌর জামায়াতের বায়তুল মাল সম্পাদক জিল্লুর রহমান।

সঞ্চালনায় ছিলেন সাংবাদিক রাশিদুল ইসলাম বোরহান।

আলোচনা সভায় ব্যাংক এশিয়ার বিভিন্ন এজেন্ট শাখার পরিচালক ও গ্রাহকরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় বিপি দিবস ও ইফতার মাহফিল অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা রোভারের আয়োজনে স্কাউটিং এর প্রতিষ্ঠাতা রবার্ট স্টিফেনসন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েলের ১৬৯তম জন্মদিন উপলক্ষে র্যালি, আলোচনা সভা, স্কাউটস ওন এবং ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকাল সাড়ে পাঁচটায় চুয়াডাঙ্গা সরকারি কলেজ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালি শেষে আলোচনা সভা এবং ইফতার মাহফিল চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার ডেনে অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা রোভারের সহকারী কমিশনার ও নিগার সিদ্দিক ডিগ্রি কলেজের অধ্যক্ষ আবু নাসিরের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা রোভারের কমিশনার ও চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ. কে. এম. সাইফুর রশিদ। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, “স্কাউটিং একটি বিশ্বব্যাপী স্বেচ্ছাসেবী সংগঠন। এর মূল কাজ হলো সাধারণ মানুষের পাশে থেকে সামাজিক কাজে অংশ নেওয়া এবং দেশের যেকোনো ক্রান্তিকালে মানুষের সেবা করা। পড়ালেখার পাশাপাশি যারা স্কাউটিং কার্যক্রমের সঙ্গে যুক্ত, তারা অন্যান্য শিক্ষার্থীর তুলনায় অধিক যোগ্য, মেধাবী ও পরিশ্রমী হয়।”

তিনি আরও বলেন, “স্কাউটিং একটি অরাজনৈতিক, অসাম্প্রদায়িক ও স্বেচ্ছাসেবী সংগঠন। তাই আমরা স্কাউটিং-এর প্রতিষ্ঠাতা বিপি’র দেখানো পথ অনুসরণ করে নিজেদের জীবনকে আরও সুন্দর ও সমৃদ্ধ করবো।”

আলোচনা সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক আব্দুর মুকিত জোয়ার্দ্দার (এএলটি)। স্কাউটিং ওন অনুষ্ঠানে উপস্থিত সকলের সাথে প্রতিজ্ঞা পাঠ করান চুয়াডাঙ্গা জেলা রোভারের সহকারী কমিশনার ও সাবেক সম্পাদক জাহিদুল হাসান (এএলটি)। স্কাউটিং আইন পাঠ করেন চুয়াডাঙ্গা জেলা রোভারের যুগ্ম সম্পাদক শাফিউল ইসলাম।

র্যালি, আলোচনা সভা, স্কাউটস ওন ও ইফতার মাহফিলে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক সফিকুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি কলেজ হিসাববিজ্ঞান বিভাগের অধ্যাপক আবু বক্কর সিদ্দিক, চুয়াডাঙ্গা জেলা রোভারের কোষাধ্যক্ষ লিয়াকত আলী, চুয়াডাঙ্গা জেলা রোভারের কর্মকর্তা আবু রাশেদ, হেলেনা নাসরিন, চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের ইউনিট লিডার আজিম হোসেন এবং চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের শিক্ষক রতন আলী। অনুষ্ঠান সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের সিনিয়র রোভার মেট আল মুতাকাব্বির সাকিব।